তারিখ ... 11 JAN 2016 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2

# অনেকেই শিক্ষাকে বাণিজ্যে পরিণত করেছে ॥ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার সিলেট অফিস ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আধুনিক জ্ঞান বিজ্ঞান, সংস্কৃতি চর্চার অগ্রদূত। অতি অল্প সময়ের মধ্যেই বিশ্বদরবারে নিজেদের যোগ্যতা প্রমাণে সক্ষম হয়েছে শাবিপ্রবি। যা দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের কাছে রোল মডেল হিসেবে কাজ করছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চাইতে সম্মানের আর কিছু নেই। পৃথিবীতে সবার উপরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের স্থান। এজন্য শিক্ষক ও শিক্ষার্থীদেরও সচেতন থাকতে হবে। কথায় কথায় ভিসিকে অবরোধ করা, দু-দলে বিভক্ত হয়ে গোলমাল করার মতো কাজ শিক্ষকদের কাছ থেকে আশা করা যায় না। তিনি বলেন একবার বাইরের দেশে গিয়ে জিজ্ঞাসা করেছিলাম আপনাদের কোন পেশায় সবচেয়ে বেশি আগ্রহ ও সম্মান বলে মনে করেন। তারা উত্তরে জানান প্রাইমারী শিক্ষক পদে। কিন্তু অবাক হওয়ার বিষয় আমাদের দেশের শিক্ষকরা এই পদে আসেন সবার শেষে যখন কোন চাকরি পান না।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, শাবির একাডেমিক, শ্রেণীকক্ষ, প্রশাসনিক, একাধিক হলসহ বিভিন্ন উন্নয়নের জন্য ২১৮ কোটি টাকা বরাদ্দের প্রোফাইল প্রজেক্ট তৈরি করা হয়েছে। যদিও আমার সিন্দুকে কোন টাকা নেই। তবে অর্থমন্ত্রণালয় এই অর্থ বরাদ্দ করলে অতি দ্রুত শাবির উন্নয়নের কাজ করতে পারবেন বলে তিনি প্রত্যাশা করেন।

মন্ত্রী আরও বলেন, ১৯৯২ সালে এদেশে প্রথম বেসরকারী বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু করে। তবে আজ বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বেড়েছে অনেক। এসব প্রতিষ্ঠানের অনেকেই শিক্ষাকে বাণিজ্যে পরিণত করে ফেলেছে। কোন কোন প্রতিষ্ঠান ছোট ফ্ল্যাট ভাড়া নিয়ে সেখানেই চালু করেছে শিক্ষাক্রম। এমনকি শিক্ষার নাম ভাঙ্গিয়ে টাকার বিনিময়ে বিক্রি করছে সার্টিফিকেট। তবে ২০১০ সালে নতুন আইন করে এখন পর্যন্ত ১৫টির মতো বেসরকারী বিশ্ববিদ্যালয়কে নিজস্ব ক্যাম্পাসে যেতে বাধ্য করা হয়েছে। সেই সঙ্গে বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ও বন্ধ করা হয়েছে । তারা কেউ কেউ হাইকোর্টে রিটের মাধ্যমে এখনো টিকে আছে। তবে অতি দ্রুত আইনী প্রক্রিয়ার মাধ্যমে বাণিজ্যভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানগুলো সম্পূর্ণভাবে বাতিল করা হবে। তিনি তার মন্ত্রিত্বকে চ্যালেঞ্জিং উল্লেখ করে বলেন, ‘গতানুগতিক নয়, চ্যালেঞ্জিং কাজ করার জন্য মন্ত্রী হয়েছি।’ শিক্ষানীতির বিষয়ে বলেন, গতানুগতিক শিক্ষাব্যবস্থা থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। রবিবার দুপুরে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) স্নাতক প্রথমবর্ষ প্রথম সেমিস্টারের (২০১৫-১৬ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শাবির উপাচার্য অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়ার সভাপতিত্বে ও সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক তাহমিনা ইসলামের পরিচালনায় নবীনবরণে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, অধ্যাপক ড. রেজাই করিম খন্দকার প্রমুখ।